DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 15 Jul 2026, 05:46 PM

জাতীয়

# দুর্যোগে মানুষের পরিচয় একটাই মানুষ: ধর্ম পরিচয় বিবেচ্য নয়

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: শুক্রবার, ১০ জুলাই ২০২৬, ১১:২৬ PM



বন্যার পানিতে ডুবে থাকা হিন্দুপাড়ায় জামায়াত আমির। ছবি: সংগ্রহীত

চট্টগ্রামের বাঁশখালী উপজেলার বন্যাকবলিত গুনাগরি এলাকার যে মহল্লায় শুক্রবার সকালে বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান সরাসরি যান, সেটি স্থানীয়দের কাছে পরিচিত হিন্দুপাড়া নামে। এলাকার অধিকাংশ বাসিন্দাই সনাতন ধর্মাবলম্বী জেলে ও নিম্নআয়ের পরিবার।

টানা বৃষ্টি ও পাহাড়ি ঢলে এই পাড়ার প্রায় সব বাড়িতেই পানি ঢুকে পড়ে। কোথাও ঘরের মেঝে, কোথাও চাল পর্যন্ত পানি উঠে যায়। অনেক পরিবার তিন দিন ধরে বাড়ি ছেড়ে স্থানীয় একটি দোকানের দ্বিতীয় তলা ও আশপাশের নিরাপদ স্থানে আশ্রয় নিয়েছে।

শুক্রবার সকালে সেখানে পৌঁছে ডা. শফিকুর রহমান প্রথমে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর সঙ্গে কথা বলেন। পরে নগদ অর্থ ও ত্রাণসামগ্রী বিতরণ করেন। শুধু ত্রাণ বিতরণেই সীমাবদ্ধ না থেকে তিনি কোমরসমান পানি মাড়িয়ে কয়েকটি বাড়িতেও যান। সেখানে প্রবীণ, নারী ও শিশুদের

খোঁজখবর নেন এবং তাদের দুর্ভোগের কথা শোনেন।

স্থানীয় বাসিন্দা কিরণ বালা জলদাস বলেন, আমাদের পাড়ায় অনেকেই আসেনি। তিনি এসে ঘরে ঘরে খোঁজ নিয়েছেন। আমরা কী অবস্থায় আছি, সেটা দেখেছেন।

ফারাছা বেগম বলেন, আমাদের ঘরের চাল পর্যন্ত পানি। তিন দিন ধরে আশ্রয়কেন্দ্রে আছি। তিনি এসে সাহায্য করেছেন, কথা শুনেছেন।

স্থানীয় বাসিন্দাদের ভাষ্য, গুনাগরির এই হিন্দুপাড়ায় কয়েক শ পরিবার বসবাস করে। বন্যার পানিতে অধিকাংশ পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। অনেকের মাছ ধরার জাল, নৌকা, গবাদিপশু ও ঘরের আসবাবপত্র নষ্ট হয়েছে।

ত্রাণ বিতরণ শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন ডা. শফিকুর রহমান। তিনি বলেন, দুর্যোগে মানুষের পরিচয় একটাই�সে একজন বিপন্ন মানুষ। ধর্ম, বর্ণ বা রাজনৈতিক পরিচয় এখানে বিবেচ্য নয়। যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাঁদের পাশে দাঁড়ানো আমাদের মানবিক ও নৈতিক দায়িত্ব।

---

## এ বিভাগের আরও খবর



**গুলিস্তানে এসি বিস্ফোরণে দগ্ধদের দেখতে হাসপাতালে স্বাস্থ্যমন্ত্রী**
রাজধানীর গুলিস্তানের আলু বাজার এলাকায় একটি সেলুনে এসি বিস্ফোরণে দগ্ধদের দেখতে গিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হো...



**প্রতিরক্ষা উপদেষ্টার সঙ্গে বৈঠক করলেন অজিত দোভাল**
বিমসটেক জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের (এনএসএ) পঞ্চম বৈঠকের আগে বাংলাদেশের প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে...



### বাজেট অধিবেশন শেষ, পাস হলো ১০ বিল

ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় (বাজেট) অধিবেশন শেষ হয়েছে। অধিবেশন চলাকালে ১০টি সরকারি বিল পাস হয়েছে।বুধবার (১৫ জুলাই) ডেপুটি স্পিকার ব্যারিস্ট...



### বে টার্মিনাল চালু হলে অর্থনীতিতে ইতিবাচক প্রভাব পড়বে: প্রধানমন্ত্রী

চট্টগ্রামের বে টার্মিনাল চালু হলে দেশের সামগ্রিক অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন আসবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, বড় জাহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/durjoge-manusher-prichy-ektai-manush-dhrm-prichy-bibechj-ny